

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
Web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.১১১.৩২.৬৪১.৯৫ (অংশ ৩/২)-

তারিখ : ০৮/২০১৪

বিজ্ঞপ্তি

খাদ্য অধিদপ্তরের পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগের আওতায় তালিকাকৃত সকল ঠিকাদারের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলতি অর্থ বছরের (২০১৪-১৫) কাজ বাস্তবায়নের লক্ষ্যে লাইসেন্স নবায়নের জন্য ২০০০/- টাকা হারে নবায়ন ফি জমা প্রদানের জন্য ২৪/০৭/২০১৪ তারিখের ১২৮২ নং স্মারকে পত্র দেয়া হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রণীত ২০১০-২০১১ অর্থ বছরের বাজেটে উৎসে মূল্যে সংযোজন কর কর্তনের বিধান সম্পর্কিত নির্দেশিকায় সরকারী, আধা সরকারী, সায়তুশাসিত ও স্থানীয় কর্তৃপক্ষ লাইসেন্স, রেজিস্ট্রেশন, পারমিট প্রদান ও নবায়নের সময় প্রযোজ্য ফি এর উপর এবং প্রদত্ত লাইসেন্স, রেজিস্ট্রেশন, পারমিটে উল্লিখিত শর্তের আওতায় রাজস্ব বস্টন, রয়্যালিটি, কমিশন, চার্জ, ফি বা অন্য কোন ভাবে প্রাপ্ত সমুদয় অর্থের উপর উক্তরূপ সুবিধা গ্রহনকারী ব্যক্তির নিকট হতে ১৫% হারে মূল্য সংযোজন কর (মূসক) কর্তন করার বিধান আছে। এ প্রেক্ষিতে নবায়ন ফি এর সাথে ১৫% হারে মূসক গ্রহন করা প্রয়োজন বিধায় বার্ষিক ২০০০/- (দুই হাজার) টাকা হারে নবায়ন ফি এর সাথে ১৫% হারে প্রতি বছরের জন্য ৩০০/- করে মূসক আগামী ৩০/০৯/২০১৪ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে খাদ্য অধিদপ্তরের হিসাব ও অর্থ বিভাগে জমা প্রদান করা যাবে।

এমতাবস্থায়, তালিকাকৃত আত্রহী সকল ঠিকাদারকে প্রতি বছরের জন্য ২০০০/- টাকা হারে নবায়ন ফি এবং এর পাশাপাশি ১৫% হারে ৩০০/- টাকা মূসক (বকেয়া সহ হালনাগাদ পর্যন্ত) খাদ্য অধিদপ্তরের হিসাব ও অর্থ বিভাগে জমা প্রদানের জন্য অনুরোধ করা হল।

DEO
২৩/৮/২০১৪
২৩/৮/২০১৪
২৩/৮/২০১৪
২৩/৮/২০১৪

মোঃ জাহাঙ্গীর আলম
অতিরিক্ত পরিচালক
ফোনঃ ৯৫৫৬৩২৩

স্মারক নং-১৩.০১.০০০০.১১১.৩২.৬৪১.৯৫ (অংশ ৩/২)- ২৩০৬(৫)

তারিখ : ০৮/০৮/২০১৪

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। সিস্টেম এ্যানালিস্ট, খাদ্য অধিদপ্তর, ঢাকা-বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বলা হল।
- ৪। খাদ্য অধিদপ্তরের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য।
- ৫। অফিস কপি।

মোঃ জাহাঙ্গীর আলম
অতিরিক্ত পরিচালক